R. N. No 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
আকর্ষণীয় অফসেট ব্লক ও সুদর্শন ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ভি ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ
ব্রাঞ্চ : ষ্টুডিও চিত্রশ্রী ২
রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা
এজেন্ট : স্ন্যাপ কালার ল্যাবঃ

৭৭শ বর্ষ
১২ম সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৫ই শ্রাবণ বুধবার, ১৩৯৭ সাল
১লা আগষ্ট, ১৯৯০ সাল।

নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫৲

## ড্রাগস্, সোনার বিস্কুটের চোরা চালান নিয়ে মারদাঙ্গা খুনের হুমকী

জঙ্গিপুর : গত সপ্তাহের দুটি ঘটনায় ড্রাগস্ ও সোনার বিস্কুটের চালানকারীদের মধ্যে মারদাঙ্গা বাধে ও খুনের হুমকীও দেওয়া হয়। ১ম ঘটনায় জনৈক যুবক স্থানীয় বাসষ্ট্যাণ্ডে অবস্থিত মহঃ সফিউদ্দিনের ষ্টেশনারী দোকানে একটি ব্যাগ রেখে যায়। তার কিছুক্ষণ পরে দ্বিতীয় এক ব্যক্তি ঐ যুবকের নাম করে সফিউদ্দিনের কর্মচারীর কাছ থেকে ব্যাগটি চেয়ে নিয়ে চলে যায়। ঘন্টাখানেক পর ১ম যুবকটি এসে ঐ খবর শুনে মাথায় হাত দিয়ে বসে পড়ে। জানা যায় ব্যাগটিতে কয়েক লক্ষ টাকার হিরোইন ছিল। তারপরই বাধে গণ্ডগোল। ১ম যুবকটি সফিউদ্দিনের কর্মচারীকে জোর করে দোকান থেকে তুলে নিয়ে যায়। শেষ পর্যন্ত গ্রামের মানুষের হস্তক্ষেপে কর্মচারীটি রক্ষা পায়। যুবক দুটি ইসলামপুরের লোক বলে প্রকাশ। গ্রামের মানুষজনের অভিযোগ ঐ অঞ্চলে হিরোইন আমদানীর একটি চক্র খুবই সক্রিয়, কিন্তু পুলিশ জেনে শুনেও বখরা খেয়ে কিছু ব্যবস্থা নেয় না। দ্বিতীয় ঘটনাটি ঘটে সোনার বিস্কুট নিয়ে। এই ঘটনাতেও একই কাহিনী। একজন যুবক জঙ্গিপুরের মহঃ নুরুল ইসলামের দোকানে একটি ব্যাগ রেখে যায় ও ঘন্টাখানেক বাদে ঐ ব্যাগ নিয়ে চলে যায়। তারপর সে জানতে পারে ২৮টি সোনার বিস্কুটের মধ্যে একটি কম আছে। সে স্বভাবতই সন্দেহ করে দোকানদার একটি বিস্কুট সরিয়েছে। তৎক্ষণাৎ যুবকটি নুরুলের দোকানে চড়াও হয় এবং বিস্কুট ফেরৎ চায়। নুরুল দোষ স্বীকার না করলে তাকে দোকান থেকে তুলে নিয়ে গিয়ে খুন করার হুমকী দিলে ভয়ে সে বিস্কুটটি ফেরৎ দেয় বলে খবর। এই অঞ্চলে বেশ কিছু মস্তান পুলিশের গোপন মদতে হিরোইন, সোনার বিস্কুট ও অস্ত্রশস্ত্র আমদানীর বিরাট চক্র গড়ে তুলেছে বলে অভিযোগ। সব জেনে শুনেও ভয়ে কেউ তাদের বাধা দেয় না। দু' একজন মুখ খোলার চেষ্টা করলে পুলিশ তাদেরই হয়রাণ করে। খবরে জানা যায় এই সমস্ত চোরা কারবার চালানোর উদ্দেশ্যে জঙ্গিপুর ফাঁড়ির নো-অবজেকসনের জন্য মাসিক মোটা টাকার ডাক হয়। দালালরা চোরা কারবারীদের কাছ ( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## কলকাতার সঙ্গে সরাসরি ডাক চলাচল বন্ধ

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর মহকুমার রঘুনাথগঞ্জ বড় ডাকঘর ও ফরাক্কা ব্যারেজ ছাড়া অন্যান্য ডাকঘরের সাথে কলকাতার সরাসরি ডাক চলাচল অনেক দিন থেকে বন্ধ হয়ে যায়। সম্প্রতি ঐ দুটি শহরের সঙ্গেও কলকাতার সরাসরি ডাক যোগাযোগ বন্ধ করে দেবার আদেশ এসেছে বলে ডাকঘর সূত্রে জানা যায়। ফলশ্রুতি দুটি আর এম এস সেকসন বন্ধ হয়ে যাওয়ায় আর এম এস ও ডাকঘরের কর্মী সংখ্যা কমিয়ে দেওয়া হবে। এতে সরকারের খরচ কমবে কিন্তু মানুষের দুর্ভোগ বাড়বে। এমনিতেই কলকাতায় চিঠিপত্র আসা যাওয়া করতে সময় লাগছিল সাতদিন, এবার আরো বেশী সময় লাগবে বলে জনসাধারণ আশংকা করছেন। ডাক বিভাগ একটি ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট, সেখানে জনগণের উপকার হবে এমন ব্যবস্থা না নিয়ে শুধু খরচের হিসাব চিন্তা করা নিশ্চয়ই জনগণের সরকারের কর্তব্য হওয়া উচিত নয়। মহকুমার জনগণের দাবী সরকার এ ব্যাপারে পুনর্বিবেচনা করে কলকাতার সঙ্গে সরাসরি ডাক চলাচল চালু রাখুন।

## ফতুল্লাপুর স্কুলে শিক্ষক নিয়োগের প্যানেল বাতিল

অরঙ্গাবাদ : গত ২৪ মে ফতুল্লাপুর শশীমণি উচ্চ বিদ্যালয়ে বি এস-সি ( বায়ো ) একজন শিক্ষক নিয়োগের পরিপ্রেক্ষিতে একটি প্যানেল তৈরী করা হয়। কিন্তু পরবর্তীতে ১৪ জুলাই স্কুল কমিটির মিটিং-এ ঐ প্যানেল ৬-৪ ভোটে বাতিল বলে গণ্য হয়। প্রধান শিক্ষক ভোট দানে বিরত থাকেন। খবরে প্রকাশ উক্ত নিয়োগ সংক্রান্ত যে কমিটি গঠিত হয় ও প্রার্থীদের যোগ্যতা বিচারের জন্য যে সাক্ষাৎকার গৃহীত হয় তা বৈধ বলে স্কুল কমিটি মনে করেন না। কেননা নিয়োগ কমিটিতে জঙ্গিপুর কলেজ থেকে একজন পরীক্ষক নেবার সিদ্ধান্তকে পাশ কাটিয়ে হঠাৎ রুকুনপুর হাই স্কুলের শিক্ষক নীলাঞ্জন রায়কে কেন পরীক্ষক হিসাবে নেওয়া হলো তার কোন সন্তোষজনক কারণ ( ২য় পৃঃ দ্রষ্টব্য )

## সেই কোঃ অপারেটিভ ইন্সপেক্টর আবার শিরোনামে

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২নং ব্লকের ভারপ্রাপ্ত কোঃ অপঃ ইন্সপেক্টর চণ্ডীদাস মুখার্জীর সঙ্গে তাঁর অফিসের জনৈক পিওনের কোন্দল সকলকে অবাক করেছে। কর্মীসূত্রের খবর সি আই কোনদিন ঠিক সময়ে অফিসে আসেন না এবং ষ্টাফের সঙ্গে তাঁর ব্যবহারও ভাল নয়। তাঁর বিরুদ্ধে পূর্বে বহুবার আমাদের কাগজে সংবাদ প্রকাশ হয়েছে। এবারের ঘটনায় জানা যায় তিনি উক্ত পিওনকে পিছনের তারিখ দিয়ে একটি চিঠি ইস্যু করতে বললে পিওনটি তাতে আপত্তি জানান। তিনি পিওনের আপত্তিতে ক্রুদ্ধ হয়ে সকলের সামনেই তাঁকে অশালীন কথাবার্তা বলেন ও ভয় দেখান। আর এক খবরে ( ২য় পৃঃ দ্রষ্টব্য )

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?

শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।

সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৫ই শ্রাবণ বুধবার ১৩৯৭ সাল

## স্বস্তি—দূর অস্ত্

এই রাজ্যের পরিস্থিতি কোথায় চলিয়াছে, তাহা ভাবিয়া পাওয়া যাইতেছে না। সাম্প্রতিক কালে পর পর এমন কাণ্ড ঘটিয়া যাইতেছে যাহার ফল হইতেছে যে, অন্য রাজ্যের কাছে এই রাজ্যের মানুষ মাথা উঁচু করিয়া দাঁড়াইতে পারিবে না। বানতলায় নারী লাঞ্ছনা তথা নারী হত্যা সংঘটিত হইয়াছে। যাহারা তাহা দেখিয়াছে সেই অসহায়াদের উপর পৈশাচিক তাণ্ডব ও পাশব প্রবৃত্তির উল্লাস, তাহারা আগাইয়া গিয়া আক্রান্তদের রক্ষা করিতে পারে নাই। রক্ষা করিবার আন্তর তাগিদ থাকিলেও নিজেদের প্রাণ রক্ষার স্বার্থই প্রবল ছিল। যাহা ঘটিয়া গেল, তাহাতে সকলেরই মাথা হেঁট হইয়া গেল। প্রশ্ন থাকিয়া যায় যে, বানতলার সেই দিনের ঘটনায় যাহারা জড়িত, তাহারা সমাজবিরোধী হইলেও যাহারা ঐ নারকীয়তা দেখিয়াছে তাহারা অবশ্যই সংখ্যায় অনেক বেশী ছিল। সুতরাং সংখ্যাল্প সমাজবিরোধীকে সংখ্যাগরিষ্ঠ জনসাধারণ ভয় পায় এই অদ্ভুত মানসিকতা আজ আমাদের পাইয়া বসিয়াছে।

ইহার দেড় মাস পর বিরাটিতে যে গণ ধর্ষণ অনুষ্ঠিত হইল, তাহাও যে আমাদের মুখোজ্জ্বল করিল না, তাহা অনস্বীকার্য্য। তফাৎ এই যে, বানতলার শিকার সমাজের উচ্চ স্তরের মহিলারা আর বিরাটির শিকার অপেক্ষাকৃত কম আর্থিক কৌলীন্য ও সামাজিক মর্যাদার মহিলাগণ। তাঁহারা আমাদের মত অতি সাধারণ ঘরের। কিন্তু সূত্র একটিই—নরপিশাচদের পৈশাচিক তাণ্ডব।

তবে যাহা ক্ষোভের বিষয়, তাহা এই যে, আজিকার দিনে সর্বদিক দিয়া যাঁহারা প্রতিষ্ঠিত অর্থাৎ রাজনীতি, সমাজনীতি প্রভৃতিতে যাঁহাদের প্রতিষ্ঠার স্বীকৃতি সন্দেহাতীত, তাঁহারাই এই সব ঘটনাকে গুরুত্ব না দিয়া অনেক অদ্ভুত বুলি ঝাড়িয়াছেন, কেহ বলিয়াছেন যে, প্রশাসনিক ব্যর্থতার জন্য এই ঘটনা। তাহা যদি হয়, তবে বক্তার উপরও পরোক্ষভাবে সেই ব্যর্থতার দায় পড়িয়া যায়। আবার শুনা গিয়াছে যে, এইরূপ ঘটনা ত হইয়াই থাকে। যিনি এইরূপ বলিতে পারেন, তাঁহার সাবিক গুরুত্ব বিবেচনায় উক্তিটির দ্বারা তিনি অনেকেরই হৃদয়-আসন হারাইলেন। ভোটের দ্বারা তিনি বা তাঁহার শ্রেণীর অনেকেই রাজ্যের মানুষের অধিকাংশ সমর্থন আছে বলিয়া প্রমাণ নিশ্চয়ই করিতে পারিবেন। আর সেই সব ভোট যে কি আকারে অনুষ্ঠিত হইতেছে, তাহা কাহারও অজানা নয়। কিন্তু বিবেকের ভোটে তাঁহারা যে 'গো-হারা' হইতেছেন, ইহা আত্মসমীক্ষায় বুঝিলেও বুঝিতে পারিবেন। তবে দুঃখের কথা এই যে, সেই আত্মসমীক্ষা সাধারণ মানুষের কাজে লাগিবার উপায় নাই। আর তাহা কাজে লাগিলে সকলেই স্বস্তি লাভ করিতেন। রাজনীতি মোহ, তখত-তাউসের লোভ এমনই যে, মনুষ্যত্ব বিসর্জন দিয়াও তাহা বজায় রাখা চাই।

## সরকারী বিজ্ঞপ্তি অগ্রাহ্য করে লটারী চলছে

সাগরদীঘি ঃ বেশ কয়েক মাস ধরে বিভিন্ন ক্লাবের উন্নতির কৌশলে লটারী খেলার ধূম চলছিল। সরকার শেষ পর্যন্ত এই সব লটারীকে বেআইনী ঘোষণা করেন ও অনুমতি না নিয়ে লটারী খেলা শাস্তিযোগ্য বলে বিজ্ঞপ্তি জারী করেন। কিন্তু বিস্ময়ের কথা স্থানীয় 'দাসপাড়া যুব সংঘ' নামে একটি ক্লাব প্রকাশ্যে এলাহাবাদ ব্যাঙ্কের কাছে প্রতি রবিবার বিকালে লটারী খেলা চালিয়ে যাচ্ছেন। পুলিশ ঘটনাটি জেনেও কোন ব্যবস্থা নিচ্ছেন না বলে অভিযোগ উঠেছে। অনেকেই বলছেন সাগরদীঘি থানার জনৈক হোমগার্ড এই খেলাটির সঙ্গে যুক্ত থাকায় পুলিশ কিছু করছে না।

## মারদাঙ্গা খুনের হুমকী

(১ম পাতার পর)

থেকে টাকা আদায় করে নিজেদের মুনাফা কেটে পুলিশকে ঐ ডাকের টাকা দিলেই সব ল্যাটা চুকে যায়। প্রকাশ্যে চোরামালের কারবার করার আর কোন বাধা থাকে না। গোপন সূত্রে জানা যায় ঐ রকম নো অবজেকসানের ডাক ৩৪নং জাতীয় সড়ক, রঘুনাথগঞ্জ থানার জন্যও হয়ে থাকে। তাই চোরাকারবারীরা এত নির্ভয়ে প্রশাসনের নাকের ডগায় কারবার চালিয়ে রঘুনাথগঞ্জ-জঙ্গিপুর শহরের পরিবেশ দূষিত করে চলেছে।

## প্যানেল বাতিল

(১ম পাতার পর)

কমিটির সদস্যরা খুঁজে পাননি। উপরন্তু সাক্ষাৎকারের সময় উপস্থিত সদস্যদের মধ্যে প্রধান শিক্ষক লিখতভাবে নোট দিয়েছেন কোন প্রার্থীই ঐ পদের উপযুক্ত নন। সম্পাদক কোন কিছুই মন্তব্য করেননি, এমনকি তিনি প্রার্থীদের কোন নম্বরও দেননি। সে কারণে মনে হয় তিনিও প্রধান শিক্ষকের সঙ্গে একমত, তবে বিতর্কে না যাবার চেষ্টা করেছেন মাত্র। শিক্ষক প্রতিনিধি বাইরে থেকে আনা পরীক্ষক এবং পঞ্চায়েত প্রতিনিধিরা যে নম্বর দিয়েছেন তা রহস্যজনকভাবে এক এবং বিশেষ একজন প্রার্থীকেই তাঁরা তিনজনে প্রচুর নম্বর দিয়েছেন। এ সমস্ত নানা দোষ ত্রুটির জন্য ঐ প্যানেল গ্রহণযোগ্য বলে স্কুল পরিচালক কমিটি মনে করতে পারেননি এবং তা বাতিল করেন। আরও জানা যায় প্রার্থীদের কয়েকজনের অনার্স আছে এবং তা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের লিষ্টে উল্লিখিত হলেও প্যানেলে তা উল্লেখ না থাকায় প্যানেলটিকে পরিচালক কমিটির ৬ জন সদস্য সন্দেহজনক বলে বিবেচনা করেন। অপরদিকে গ্রামবাসীদের অভিযোগ রাজনৈতিক চাপের কাছে নতি স্বীকার করে ঐ বাতিল করা প্যানেলটিকেই আবার গ্রহণ করার অপচেষ্টা চলছে। উক্ত স্কুল সম্বন্ধে গ্রামবাসীদের ধারণা স্কুলের আয়ব্যয়ের হিসাবেও বিস্তর কারচুপি আছে। ঠিকমত অডিট করলে তা ধরা পড়বে। উল্লেখ্য, বেশ কয়েক বছর আগে এই স্কুলেই শিক্ষকদের প্রভিডেণ্ট ফণ্ডের টাকা তছরূপের ঘটনা ঘটে।

## ছাত্র পরিষদের সাংগঠনিক সভা

সাগরদীঘি ঃ গত ২৯ জুলাই স্থানীয় এস এন হাই স্কুলে ছাত্র পরিষদের এক সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়। সভার প্রধান উদ্যোক্তা ছিলেন মোসারেফ সেখ (বাদশা)। উদ্বোধনী ভাষণ দেন মহকুমার কং (ই) নেতা ও প্রাক্তন বিধায়ক মহঃ সোহরাব। তিনি তাঁর বক্তব্যে পরিষদের সংগঠন কিভাবে মজবুত করতে হবে এবং কিভাবে সংগঠন মার্ক্সবাদের মোকাবিলা করবে সে সম্বন্ধে সুচিন্তিত মত প্রকাশ করেন। মহঃ সোহরাব সি পি এম দলের কার্য্যাবলীর কঠোর সমালোচনা করে ছাত্র পরিষদ কর্মীদের ঐ দলের বিরুদ্ধে সর্বশক্তি নিয়ে ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়ানোর আহ্বান দেন। সভায় জেলা কং সম্পাদক হাবিবুর রহমানসহ বীরভূমেরও কয়েকজন কং (ই) নেতা উপস্থিত ছিলেন।

## আবার শিরোনামে

(১ম পাতার পর)

জানা যায় জেলার এ্যাসিষ্ট্যান্ট রেজিষ্টার অফ কোঃ অপঃ সোসাইটি আমাদের পত্রিকায় প্রকাশিত পঞ্চায়েত সভাপতি বনাম উক্ত সি আই এর বাকবিতণ্ডার তদন্ত করতে এসে সি আইকে অফিসে পান না। খাতাপত্র দেখে তিনি যে ছুটি নেননি তাও জানা যায়। এ আর সি এস তদন্তে ঐ তারিখে আসছেন জানিয়ে তাঁকে চিঠি দেওয়া সত্ত্বেও তিনি অফিসে গরহাজির থাকায় এ আর সি এস ক্ষুব্ধ হন। উল্লেখ্য এই চণ্ডীদাস মুখার্জীই নাকি বিতর্কিত রঘুনাথগঞ্জ থানা মার্কেটিং কোঃ অপঃ সোসাইটির এ্যাডমিনিষ্ট্রেটর। তাঁর অযোগ্য পরিচালনায় সোসাইটির কাজকর্ম প্রায় বন্ধ এবং দু' বৎসর ধরে কর্মীরা বেতন পাচ্ছেন না। কর্মীদের অভিযোগ তিনি বেআইনীভাবে অফিস তালা বন্ধ রেখে কর্মীদের উপস্থিতির প্রমাণ লোপ করতে সমিতির চেয়ারম্যান মহঃ মুসার সঙ্গে হাত মিলিয়েছেন।

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W.B.)

Pin. 742236

Sealed tenders are invited from experienced and registered contractors of NTPC/CPWD/ Railway/WBSEB and Public Sector undertakings for the following works. Tender documents can be had in person showing the registration and credentials from the office of the undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should send Rs. 20-00 (Rupees twenty only) extra for each work either by I. P. O. payable at Post Office, Khejuriaghat or Demand Draft in favour of 'National Thermal Power Corporation Ltd.' payable on State Bank of India at Farakka alongwith a copy of proof of registration and credentials.

For sl. no. 1, the documents will be on sale from 1-8-90 to 15-9-90 and for sl. nos. 2 & 3, the documents will be on sale from 24-7-90 to 11-8-90 between 9-00 to 12-00 hours and 14-30 hours to 16-00 hours on all working days. Tender will be received upto 3-00 p. m. of the tender opening date and will be opened as indicated below in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Approx. value of work | Amt. of EMD Cost of tender paper | Completion period | Date & time of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Supply, erection, testing & commissioning of 38 nos. miscellaneous mono-rail hoist of capacity ranging from 1T to 8T for stage-II work of FSTPP.<br>NIT no. FS : 43 : CS : 2044/T-74/90 | Rs. 45 lakhs | Rs. 50,000/-<br>Rs. 200/- | Nine (9) months for complete supply & four (4) years for erection. | 17-9-90 at 3 p. m. |
| 2. | Construction of 28 nos (28 x 4 = 112) car garrages at various places of tv. township & field hostel complex of FSTPP.<br>NIT no. FS : 42 : CS : 1853/T-75/90 | Rs 16 lakhs | Rs. 32,000/-<br>Rs. 100/- | Nine (9) months | 13-8-90 at 3 p. m. |
| 3. | Constn. of 60 nos. car garrages at various places at perm. township, Khejuriaghat of FSTPP.<br>NIT no. FS : 42 : CS : 1645/T-76/90 | Rs 7 lakhs | Rs. 14,000/-<br>Rs. 50/- | Four (4) months | 13-8-90 at 3 p. m. |

## Terms and Conditions :

1. Proof of registration, latest IT, ST & Professional tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining tender forms and should be submitted alongwith the tender.
2. Interested parties are advised to visit to familiarise with the site conditions.
3. Tenders received late or without earnest money will not be entertained. Adjustment of earnest money against running account bill is not acceptable and earnest money is to be submitted in any of the acceptable form as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC are not exempted from depositing EMD. Bids not

(Contd. 4)

# মতবাদের জোয়ারে উন্নতিই বাদ

বিশেষ প্রতিবেদক : মোটামুটিভাবে '৯০ এর দশকের শুরুর আগে থেকেই গোটা দুনিয়ার মানুষের চিন্তায় ও কাজে একটা বৈপ্লবিক পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। যেটাকে আমরা সনাতন বলতাম—যার পরিবর্তন বা রদবদল কখনওই সম্ভব নয় ভাবতাম—সেইসব বিষয়গুলো নয়া চিন্তা-ভাবনার জোয়ারে যেন খড়কুটোর মত কোথায় হারিয়ে যাচ্ছে। জয় পাচ্ছে—যুগবাদ। কিন্তু সবের এত পরিবর্তন হলেও সাগরদীঘি ব্লকের অধীন ১১নং বন্বেশ্বর অঞ্চল যেন এর ব্যতিক্রম।

অঞ্চলটি আয়তনে বেশ বড়ই। মোট ২১ খানা গ্রাম নিয়ে—এর কর্মকাণ্ড। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার এই রাজ্যে নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আসে। বিগত সরকারের খেয়ালীপনা, কর্মে অলসতা তাদের জনগণ থেকে দূরে সরিয়ে দেয়। বহু আশা নিয়ে অঞ্চলের জনগণ পঞ্চায়েত সদস্যদের নির্বাচিত করেন কিছু পাবার আশায়। কিন্তু ১৩ বছরের এই 'পঞ্চায়েত রাজ' বন্বেশ্বর অঞ্চলের মানুষের ন্যূনতম প্রয়োজন মেটাতে সক্ষম হয়নি। রাস্তাঘাট হল গ্রাম-গঞ্জের শিরাউপশিরা। মানুষের দেহের শিরা উপশিরার রক্ত সঞ্চালিত হয়ে যেমন একে সচল রাখে ঠিক তেমনি রাস্তা-ঘাটও গ্রাম-গঞ্জগুলিকে কর্মমুখর করে রাখে। জন-জীবন প্রাণ প্রাচুর্য্যে ভরে যায়। এই সাদামাটা কথাটা নিয়ে হয়ত অঞ্চলের নির্বাচিত সদস্যরা এতদিন বিশেষ গা-করেননি। বলছি, একটা কারণেই যে, বিগত বছরগুলোতে অঞ্চল অন্তর্ভুক্ত গ্রামগুলির মধ্যে যোগাযোগকারী রাস্তাগুলোতে ভাল করে মাটির কাজই হয়নি। কখনও-সখনও লোক দেখানোর জন্য দু'চার চাকি মাটি ছিটিয়ে দিয়ে—রাস্তার হালকে আরও বেহাল করে ছেড়েছেন অভিজ্ঞ কর্মীবৃন্দ।

দুই দশকের উপর ধরে বর্ষাকালীন গ্রামগুলির চিত্র দেখে আসছি খুব কাছ থেকে। তাঁতিবিড়ল, মাঠখাগড়া, শের, জাগলাই, জিনদীঘি, বন্বেশ্বর, দাক্ষিণগ্রাম ইত্যাদি গ্রামগুলি বর্ষায় যেন পাঁকে এঁটে যাওয়া গরুগাড়ী, মরণাপন্ন রোগী, প্রসব বেদনায় কাতর কোন মা-বোন—এদের অবস্থা যে কি হয় চোখে না দেখলে বোঝান শক্ত। কিন্তু অনুভূতি দিয়ে বুঝলে হয়ত অনেকেই বুঝবেন এর ভয়াবহতা। অবিশ্বাস, দলীয় কোঁদল, প্রাধান্যের লোভ, অর্থ লপ্সা ও মত কিছু দুষ্ট ক্ষত নির্বাচিত সদস্যদের মানবিক চেতনাকে পঙ্গু করে ফেলেছে। অঞ্চলের বিভিন্ন খাতে বরাদ্দ অর্থ 'গ্রাম সভা' ভিত্তিক ভাগ হয়ে গেলেও কোথাও কোন কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়নি। তাই, অঞ্চলের মানুষের মনে আজ অনেক প্রশ্ন দানা বেঁধে উঠেছে।

মনে হয় জনগণের মনের অবস্থা আঁচ করে বা কতিপয় প্রগতিশীল সদস্যের যুক্তি নির্ভর আবেদনে সাড়া দিয়ে অঞ্চল-প্রধানসহ আর-আর সদস্যরা একমত হয়ে বন্বেশ্বর গ্রামে অবস্থিত অঞ্চল অফিস থেকে জন্সী অভিমুখী প্রায় ২ কিলোমিটার রাস্তার মাটির কাজ মোটামুটিভাবে শেষ করেছে এবং পরবর্তীতে লালমাটির (মোড়াম) ব্যবস্থা নেবে বলে নাকি প্রতিশ্রুতিবদ্ধ। এছাড়া, দু'চারটি রাস্তায় কিছু কিছু মাটির কাজ হয়েছে—ঠিক বর্ষার আগে—যা বর্ষার জলে ধুয়ে-মুছে যাওয়ার সম্ভাবনায় বেশী।

এ প্রসঙ্গে আরও একটি বিষয়ের দিকে অঞ্চল কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে চাই। জরুর থেকে আখুয়াঘাট অবধি যে বাদশাহী পুল বিরাজমান—তাকে বাঁধের ভূমির সাথে মেলানোর যে সাঁকো নির্মাণের কাজ চলছে তাতে গতি সঞ্চার করতে হবে। সঙ্গে সঙ্গে বাদশাহী রাস্তাটা যাতে বাদশাহী মর্য্যাদা পায় তার জন্য জেলা পরিষদের নজর কাড়তে হবে। পাকা রাস্তা বানাতে হবে। এ হলেই দীর্ঘদিনের ভুল-ভ্রান্তি শৈথিল্য বা অক্ষমতা ঢাকা পড়বে সামনের উজ্জ্বল সম্ভাবনায়। আর তা না হলে হঠাৎ বিদ্যুতের ঝলকানিতে ভাস্বর হয়ে উঠা দশদিক ঘন তমিস্রায় ডুবে যাবে। তলিয়ে যাবে সব বহুদিনের মত।

---

(From 3 Page)

accompanied by the requisite bid guarantee/N. S C. not pledged by the Post Master/other standard forms of E. M. D. In a separate sealed cover or BID accompanied with BID guarantee of inadequate value shall not be entertained and in such cases bids shall be returned to the bidders without being opened.

4. NTPC takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post.

5. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer & reserves the right to cancel any or all the offers without assigning any reason.

6. For sl. no. 1. parties must have executed single order for at least Rs. 20-00 (twenty) lakhs and yearly turn over should not be less than Rs. 50-00 (fifty) lakhs.

7. For sl. no. 2, parties must have executed at least Rs 10-00 (ten) lakhs in single order & yearly turn over should not be less than Rs. 20-00 (twenty) lakhs. For sl. no. 3, parties must have executed single work value at least Rs. 5-00 (five) lakhs.

8. All the bidders have to produce permanent P. F. code no. before submission of the final bill.

**Dy. Manager (Contracts)**

NTPC/FSTPP

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

**Farakka Super Thermal Power Project**

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W.B.)

Pin. 742236

**Materials Management Department**

## Tender For Supply of Steel

**Tender No. FS : 42 : MD : 01 : T-104 dated 25-7-90.**

Sealed tenders are invited from reputed re-rollers with valid ISI licences for supply of following sizes of reinforcement steel to our project.

| Sl, No. | Materials/Specification | Quantity in MT |
|---|---|---|
| A) | TOR STEEL Bars conforming to IS : 1786 in length of 5·5 M to 13·5 M. | |
| | 1) 10 mm dia — | 500 |
| | 2) 12 mm dia — | 250 |
| | 3) 16 mm dia — | 1600 |
| | 4) 20 mm dia — | 800 |
| B) | MS ROUNDS conforming to IS : 226 in length of 5·5 M to 13·5 M | |
| | 5) 6 mm dia — | 100 |
| | 6) 16 mm dia — | 200 |
| | | 3450 MT |

### Qualifying Requirements For Bidders :

1. The re-rollers should be capable of rolling concast billets conforming to IS-2830/Grade II or IS-6914 to CTD Bars conforming to IS-1786 and MD Rounds to IS : 226.
2. Re-rollers should have valid ISI licence (Preferably Gr. I) and should preferably be an approved conversion agent of main producers.
3. Re-rollers with licence arrangement to roll finished product with trade marks of TOR/ TISCON shall furnish documents for the same.
4. They should have vaild running contract/tie-up with main producers or Mini Steel Plant for procurement of concast billets conforming to IS : 2830 Gr. II or IS : 6914.
5. They should have requisite facilities at their wotks to carry-out chemical test for billets and both chemical and physical tests for finished products.
6. Re-rollers should have rolled and supplied atleast 3000 MT of reinforcement steel to main producers/Govt. Firms/Public Sector consumers in a single financial year. Copies of Purchase Order is to be produced.
7. They should have a minimum installed/licenced capacity of 30,000 MT per annum for rolled steel products in two shift basic. The Industrial Licence should have been issued by the appropriate authority from State/Central Government. Annual production/sales figures for the last 3 years should be furnished.

### General Terms and Conditions :

1. Request for tender documents along with tender fee of Rs. 500/- in form of DD in favour of NTPC drawn on SBI Khejuria (Code No. 8747) or UBI, Khejuria (Code No. C69) is

(Contd. 6)

## ধর্মঘট করায় রেশন ডিলারদের নানাভাবে অসুবিধায় ফেলা হচ্ছে

ধুলিয়ান : জঙ্গিপুর সাবডিভিশন্যাল এম আর ডিলার্স ইউনিয়নের পক্ষ থেকে জানানো হয়েছে যে, পশ্চিমবঙ্গ এম আর ডিলার্স এ্যাসোশিয়েশনের ডাকে গত ২ জুলাই থেকে রেশন ডিলাররা তাঁদের দাবীদাওয়ার ভিত্তিতে লাগাতার আন্দোলনে সামিল হওয়ার অপরাধে তাঁদের অযথা হয়রান, হেনস্তা ও বিভিন্ন প্রকার ষড়যন্ত্রের গুরুতর অভিযোগ পাওয়া গেছে। জঙ্গিপুর মহকুমার বিশেষ করে সুতী, সমসেরগঞ্জ ও ফরাক্কা থানার রেশন ডিলারদের উপর প্রশাসনিক ও রাজনৈতিকভাবে আক্রমণ, দমন পীড়ন ও হয়রান করা হচ্ছে। সপ্তাহের একটি দিনে রেশনের মাল তুলতে বাধ্য করা হচ্ছে। লগবুকে এ্যালোটমেন্ট করা হচ্ছে না। অথচ এর পূর্বে দু'দিন মাল তোলার ভ্যালিড ডেট থাকতো। এবং লগবুকে এ্যালোটমেন্ট করা হতো। আরো জানা যায় ধুলিয়ানের চাল ও গমের হোল সেলার ইন্দ্রচাঁদ আগরওয়ালার সাথে মহকুমা খাদ্য ও সরবরাহ নিয়ামকের মধ্যে মনকষাকষি থাকায় গত কয়েক মাস ধরে উক্ত হোল সেলারের ঘরে চাল ও গম মজুত থাকা সত্ত্বেও রেশনে বিলিবন্টনের জন্য এ্যালোটমেন্ট করছেন না। আবার কখনও সখনও এ্যালোটমেন্ট করেও তা বাতিল করা হয়েছে বলে জানা যায়। মহকুমা খাদ্য নিয়ামক এইভাবে জনসাধারণের খাদ্য নিয়ে ছিনিমিনি ও কৃত্রিম অভাব সৃষ্টি করে চলেছেন। একজন সরকারী আমলার খামখেয়ালীপনা ও অযোগ্যতায় এলাকার রেশন ব্যবস্থা ভেঙ্গে পড়েছে বলে জনগণের অভিযোগ। এ ব্যাপারে মুর্শিদাবাদের জেলা শাসক ও জঙ্গিপুর মহকুমা শাসকের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

## নকশালপন্থীদের ডাকা বন্ধে জেলার পরিবহণ ব্যবস্থা অচল

রঘুনাথগঞ্জ : গত ২৮ জুলাই নকশালপন্থীদের ডাকা 'মুর্শিদাবাদ বন্ধ' জেলার পরিবহণ ব্যবস্থাকে কার্যতঃ অচল করে দেয়। বহরমপুর মালদা লাইনে কোনো প্রাইভেট বাস রাস্তায় দেখা যায়নি। রঘুনাথগঞ্জে বন্ধের সমর্থনে কোনো প্রচার না থাকায় এখানে কোনো সাড়া ছিল না। তবুও রঘুনাথগঞ্জের বেশীর ভাগ বাস রাস্তায় নামেনি বলে জানা যায়। উল্লেখ্য, প্রয়াত নকশাল নেতা চারু মজুমদারের ১৯তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে প্রতিবারের মতো এবারো নকশালপন্থীরা ২৮ জুলাই 'শহীদ দিবস' পালনের আহ্বান জানায়।

## বরখাস্তের ফলে শ্রমিক আন্দোলন

ধুলিয়ান : ফরাক্কা এন টি পি সির অধীন ডব্লু আই-ই-এল ঠিকাদার কোম্পানীর শ্রমিকেরা বিভিন্ন দাবী দাওয়া, বেআইনী-ভাবে শ্রমিক ছাঁটাই এবং শ্রমিকদের উপর অত্যাচারের বিরুদ্ধে লাগাতার বৃহত্তর আন্দোলনে নামেন বলে খবর। উক্ত কোম্পানী গত ৫ জুলাই কেবল সিং নামে জনৈক কর্মচারীকে কোন কারণ না দর্শিয়ে এক তরফাভাবে বরখাস্ত করায় শ্রমিকরা আন্দোলনে নামতে বাধ্য হন। সর্বশেষ সংবাদে প্রকাশ শ্রমিক ইউনিয়নের নেতৃত্বে একটি প্রতিনিধি দল কর্তৃপক্ষের সঙ্গে সাক্ষাৎ করেন এবং একটি স্মারকলিপি পেশ করেন। প্রতিনিধি দলে নেতৃত্ব দেন ইউনিয়নের সাধারণ সম্পাদক ষষ্ঠীচরণ ঘোষ।

## কর্ম্মচারীদের অসহযোগিতায় ব্যাঙ্ক এ্যাকাউন্ট হচ্ছে না

সাগরদীঘি : গ্রামবাসী সূত্রে খবর, স্থানীয় ব্লকের বালিয়া গ্রামের ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার শাখা অফিসের ম্যানেজারের অসহযোগী মনোভাবে গ্রামবাসীরা ব্যাঙ্ক এ্যাকাউন্ট খুলতে পারছেন না। এদিকে চারিদিকে চুরি, ছিনতাই বেড়ে যাওয়ায় গ্রামবাসীরা ঘরে টাকা পয়সা রাখা নিরাপদ ভাবতে পারছেন না। তাই তাঁরা বাধ্য হচ্ছেন ব্যাঙ্কে যেতে। কিন্তু সেখানেও এ্যাকাউন্ট করতে তাঁরা ম্যানেজারের সহযোগিতা পাচ্ছেন না বলে অভিযোগ। খবর গত ১৬ জুলাই কালিয়াডাঙ্গা গ্রামের জনৈকা মহিলা বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুকুমার দাসকে সঙ্গে নিয়ে পাশ বুক খুলতে গেলে ব্যাঙ্ক ম্যানেজার তাঁকে এ্যাকাউন্ট খুলতে বাধা দেন এবং নানান কথা বলে নিরুৎসাহ করেন। বাধ্য হয়ে মহিলা এ্যাকাউন্ট না খুলেই ফিরে আসেন। গ্রামবাসীদের অভিযোগ, যদি টাকা রাখতেই না পাওয়া যায় তবে ব্যাঙ্কের প্রয়োজন কি।

## দাম আকাশ ছোঁয়া—ভেজালও বাড়ছে

ধুলিয়ান : নিত্যপ্রয়োজনীয় জিনিষপত্রের আকাশ ছোঁয়া মূল্যবৃদ্ধি সাধারণ মানুষের উপর চরম আঘাত এনেছে। সরষের তেলের দাম কুড়ি টাকা থেকে পঁয়ত্রিশ টাকা ছুঁইছুঁই, আর সেই সঙ্গে ভেজালও বাড়ছে। সরষের তেল নাকের ডগায় বা কড়ায়ে দিলেই ভেজালের অস্তিত্ব বোঝা যায়। নিত্যপ্রয়োজনীয় জিনিষপত্রের মূল্যবৃদ্ধির ঠেলায় গরীব মানুষের নাভিশ্বাস উঠেছে। এই পরিস্থিতিতে সরকারী কোন তৎপরতা চোখে পড়ছে না।

(From 5 page)

to be submitted alongwith the documentary proof for all the qualifying requirements as mentioned above;

2. Latest ITCC/STCC Clearance Certificate,
3. Request for tender documents without tender fees, copies of qualifying requirements etc. will not be entertained.
4. The last date for receipt of request for issue of tender documents is 18-8-90 (Saturday). The tender opening date will be 31-8-90.
5. The above details are only indicative. Full details are as given in our tender documents.
6. NTPC may at their discretion relax or alter qualifying requirements as may be necessary.
7. Issue of tender documents does not automatically qualify a supplier, which will be decided purely on techno-economic suitabilities.
8. NTPC will not be responsible for any communication/Postal delays.
9. NTPC reserves the right to accep /reject/cancel split any/all the tender/order in who le or part without assigning any reason whatsoever

**Chief Materials Manager**
NTPC/FSTPP

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত